বিষয়ঃ **গেইনওয়েল পরিবারে স্বাগত! সুদিন আমাদের অপেক্ষায়।**

প্রিয় TIL (টি আই এল) এর সহকর্মীবৃন্দ,

আন্তরিক বিনয় এবং অত্যন্ত আনন্দের সাথে আমি আপনাদের নতুন মনোনীত সিএমডি হিসাবে আপনাদের কাছে আমার বক্তব্য পেশ করছি। আপনারা এতদিনে হয়তো অবগত আছেন যে , গেইনওয়েল গ্রুপ, তার গ্রুপ সত্তা - ইন্ডোক্রেস্ট ডিফেন্স সলিউশন প্রাইভেট লিমিটেড (IDSPL) এর মাধ্যমে আজ বিকেলে TIL (টি আই এল)-এর (NSE: TIL) সিংহভাগ অংশীদারিত্ব অর্জন করেছে। TIL এর শেয়ারের অগ্রাধিকারমূলক ইস্যুতে সাবস্ক্রাইব করার জন্য ৭০ কোটি টাকা সহ আজ ১২০ কোটি টাকা IDSPL লগ্নি করেছে। আজ সকালে পুরনো বোর্ডের পরিবর্তে একটি নতুন ছয়-সদস্যের বোর্ড অফ ডিরেক্টরস গঠন করা হয়েছে এবং আট দশক ধরে বিদ্যমান TIL-এর গর্বিত উত্তরাধিকারের একটি নতুন অধ্যায়ের সূচনা হয়েছে।

TIL (টি আই এল)-এর উন্নতির লক্ষ্যে পরিকল্পনাগুলি চালিত করার জন্য শীঘ্রই একটি নতুন ম্যানেজমেন্ট টিম গঠন করা হবে।

আমি অত্যন্ত সম্মানিত এবং সৌভাগ্যবান যে নতুন বোর্ড অফ ডিরেক্টরস আমাকে আপনাদের চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টরের পদে নিযুক্ত করার যোগ্য মনে করেছেন। আমি গভীরভাবে কৃতজ্ঞ এবং বিনীতভাবে এই দায়িত্বটি গ্রহণ করেছি এবং আপনাদের প্রত্যেককে আমাদের গর্বিত উত্তরাধিকার রক্ষা, বৃদ্ধি ও লালন করার জন্য আমার দৃঢ় প্রতিশ্রুতি এবং নিরলস সংকল্পের আশ্বাস দিতে চাই এবং TIL (টি আই এল)-এর পরিপূর্ণ বিকাশের লক্ষ্যে, সম্ভাব্য স্বল্পতম সময়ে, আপনাদের সকলের সাথে সম্মিলিতভাবে কাজ করতে চাই।

TIL (টি আই এল) লিমিটেডকে গেইনওয়েল পরিবারে স্বাগত জানানোর সঙ্গে সঙ্গে, একাধিক সমন্বয়, পরিপূরক শক্তি এবং একই কর্পোরেট গোল থাকায়, আমি আমাদের সকলের জন্য একটি নতুন এবং আরও উজ্জ্বল ভবিষ্যৎ কল্পনা করতে পারছি। আমাদের সম মূল্যবোধ এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত পরিকল্পনাগুলি নিশ্চিত করবে যে TIL (টি আই এল) ভারতে এবং বিদেশে তার সম্মানিত গ্রাহকদের কাছে সেরা ইঞ্জিনিয়ারিং

সমাধানগুলি সরবরাহ করতে পারবে। আমরা সেই পরিবেশ বজায় রাখব যা উন্নততর বিশ্ব গড়ার লক্ষ্যে আমাদের বিশ্বস্ততা, সততা এবং আনুগত্যের সর্বোচ্চ মানের প্রতিনিধিত্ব করে।

TIL (টি আই এল)-কে সামনের বছরগুলিতে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া এবং আইকণিক ব্র্যান্ডটিকে তার পূর্ব গৌরব পুনরুদ্ধার করার লক্ষ্যে আমাদের বিশ্বাস করার জন্য আমি কৃতজ্ঞচিত্তে আমার শ্রদ্ধেয় পূর্বসূরি সিএমডি শ্রী সুমিত মজুমদার, তাঁর বোর্ড সহকর্মীবৃন্দ এবং আমাদের সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে ধন্যবাদ জানাই । এই গৌরবময় অনুষ্ঠানে, আমরা আমাদের পূর্ববর্তী চেয়ারম্যান শ্রী অভিজিৎ মজুমদারকেও কৃতজ্ঞচিত্তে স্মরণ করি, যিনি পাঁচ দশকেরও বেশি সময় ধরে এই সংগঠনটি গড়ে তোলার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। আমাদের কঠিন সময়ে তাদের অবিরাম সমর্থন এবং ধৈর্যের জন্য, আমাদের সম্মানিত গ্লোবাল পার্টনার হিস্টার এবং ম্যানিটোওকের কাছে আমরা সম্মিলিতভাবে কৃতজ্ঞ ।

সবথেকে গুরুত্বপূর্ণ যাঁরা — **আপনারা, টিআইএল-এর কর্মীরা** — আপনাদের নিয়ে আমরা আমাদের এই প্রতিষ্ঠান টিকে পুনর্গঠন করা শুরু করব। বিগত কয়েক বছর ধরে আপনারা সকলেই যে প্রবল কষ্টের সম্মুখীন হয়েছেন এবং সেগুলি আপনাদের প্রত্যেকের উপর যে প্রভাব ফেলেছে সে সম্পর্কে আমরা অবগত। এই সময়ের মধ্যে আপনারা যে যন্ত্রণা এবং অসহায়তা অনুভব করেছেন তা আমি জানি । কঠিন সময়ে আপনারা যেভাবে সংস্থার পাশে দাঁড়িয়েছেন তা আনুগত্য, ধৈর্য এবং সাহসের অনুকরণীয় প্রদর্শন। অস্থির সময়েই একজনের আসল চরিত্র বোঝা যায় এবং আমি আজ একজন সহকর্মী হিসাবে এমন একটি স্থিতধী গোষ্ঠীতে যোগদান করার সম্মান পেয়ে সৌভাগ্যবান বোধ করছি। আমি আপনাদের পরিবারের প্রতিটি সদস্যের কাছেও কৃতজ্ঞ, যাঁরা এই সময়ে নিজেরা কষ্টে থাকা সত্ত্বেও আপনাদের সমর্থন করেছেন। আপনাদের পরিবারের সদস্যদের আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাবেন।

অতীত এখন অতীত । আসুন সামনে তাকাই। আপনাদের সর্বাঙ্গীন সুস্থতা, ব্যক্তিগত এবং পেশাদারিত্বের দিকে নতুন ম্যানেজমেন্ট সর্বপ্রথম নজর দেবে এবং আমরা আপনাদের যে সমস্যাগুলির আজও সমাধান হয়নি সেগুলির আশু সমাধান করার চেষ্টা করব। আপনারা শুধু TIL (টি আই এল)-এর মেরুদণ্ডই নয় প্রাণও বটে ।

আমাদের সর্বপ্রথম কাজ হবে বেতন নিয়মিত করা, উৎপাদনের হার বৃদ্ধি করা , অসম্পূর্ণ অর্ডারগুলি সময়মতো সুনিশ্চিত করা এবং সর্বাধিক কর্মক্ষমতা পুনরুদ্ধার করা। **এই কাজটি আজ এবং এই মুহূর্তে শুরু**

**করা উচিত।** এটি আগামীকালের জন্য অপেক্ষা করতে পারে না। TIL (টি আই এল)- এ একটি অন্তর্ভুক্তিমূলক, সহায়ক , আনন্দময়, এবং সত্যিকারের নিরাপদ এবং সমৃদ্ধ কাজের পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে আমরা অবিচল — এমন একটি পরিবেশ যা আপনাদের প্রত্যেককে স্বাধীনভাবে মত প্রকাশ করতে, উন্নতি করতে, সমৃদ্ধ হতে এবং আপনার সমস্ত পেশাগত এবং ব্যক্তিগত আকাঙ্খা পূরণ করতে দেয়।

TIL (টি আই এল) এর নতুন নেতৃত্ব একটি সুবিস্তৃত দুই-বছরব্যাপী পরিকল্পনার মাধ্যমে সংস্থাটিকে পুনরুজ্জীবিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যা আগামী কয়েক সপ্তাহের মধ্যে বোর্ড অফ ডিরেক্টরসদের সামনে রাখা হবে। এক রাশ নতুন পণ্যের পাশাপাশি আমাদের বিদ্যমান সমস্ত পণ্যের জন্য নতুন প্রযুক্তি এবং প্রকৌশল নিয়ে আসা আমাদের লক্ষ্য। এর সাথে, আমাদের অবিরাম পরিশ্রমের মাধ্যমে, গত কয়েক বছরে ক্ষতিগ্রস্থ আফটারমার্কেট ব্যবসা পুরোপুরি নিয়ন্ত্রণে আনবো । আমরা আমাদের গ্রাহকদের আস্থা এবং আনুগত্য জয় করে এটি অর্জন করব। আমাদের গ্রাহকদের অভাবনীয় পরিষেবা দেওয়া এবং তাঁদের সকল অপূর্ণ প্রত্যাশা পূরণ করা হবে আমাদের অটল সংকল্প । আমাদের বেশিরভাগ গ্রাহক দীর্ঘস্থায়ী সমস্যা সত্ত্বেও আমাদের পাশে দাঁড়িয়েছেন, আমাদের অসুবিধার কারণে অনেকেই ক্ষতির সম্মুখীন হয়েছেন। গ্রাহকদের সমস্যার সমব্যথী হয়ে এবং নতুন অঙ্গীকার নিয়ে তাঁদের কাছে আমাদের ফিরতে হবে । আমি আপনাদের জানাতে চাই যে আমি আজই আমাদের বেশিরভাগ গ্রাহকদের কাছে লিখেছি , তাঁদের যা অসুবিধা ভোগ করতে হয়েছে তার জন্য আমি ক্ষমাপ্রার্থী এবং আগামী দিনগুলিতে আমাদের অক্লান্ত পরিশ্রম এবং বিশেষ প্রতিশ্রুতির মাধ্যমে তাঁদের আস্থা ফিরে পেতে অঙ্গীকারবদ্ধ ।

আমাদের প্রিয় সংস্থাটিকে সম্মিলিতভাবে একটু একটু করে, প্রতিদিন পুনর্নির্মাণ করতে হবে। এটি অবশ্যই একটি কঠিন কাজ কিন্তু, প্রকৃতপক্ষে, এই কাজটিকে আমাদের অবশ্যই দৃঢ় সংকল্পের সঙ্গে স্বাগত জানাতে হবে এবং প্রতিদিন কঠোর পরিশ্রম অব্যাহত রাখতে হবে।

আমাদের অবিলম্বে, ভারতীয় এবং আন্তর্জাতিক, উভয় গ্রাহকদের জন্য পণ্য সরবরাহ ত্বরান্বিত করার লক্ষ্যে নিজেদের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি এবং ক্ষমতার সর্বোচ্চ ব্যবহারকে প্রথম স্থান দিতে হবে। স্থগিত অর্ডারগুলির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে থাকা গ্রাহকদের আস্থা আমাদের সম্পূর্ণরূপে ফিরে পেতে হবে।

আমাদের আজ থেকে বাজারে প্রতিটি উপযুক্ত ব্যবসার সুযোগ জয় করতে হবে এবং বছরের পর বছর সুস্থায়ী বৃদ্ধির লক্ষ্য রাখতে হবে যতক্ষণ না আমরা ব্যবসার দুনিয়ায় নিজেদের জায়গাটা আবার ফিরে পাই।

সুস্থায়ী অর্থনৈতিক উন্নতির উদ্দেশ্যে সরকারের মূল লক্ষ্য পরিকাঠামোগত উন্নয়নের উপর থাকার ফলে আমাদের পারিপার্শ্বিক পরিবেশ এবং বাজারের মনোভাব অত্যন্ত ইতিবাচক। নীতি প্রণয়নের পরিবেশ দৃঢ়ভাবে ইতিবাচক হওয়ার কারণে পরিকাঠামো, নির্মাণ এবং খনির খাতে প্রচুর সুযোগ রয়েছে। বিশ্বব্যাপী উন্নয়নের প্রবণতা ভারতীয় অর্থনীতিকে দ্রুততম বর্ধনশীল বৃহৎ অর্থনীতিতে পরিণত করে এই দশককে ভারতের দশক করে তুলেছে। আত্মনির্ভর ভারত মিশন, গতি শক্তি কর্মসূচি এবং অন্যান্য সংশ্লিষ্ট উদ্যোগের মতো ফ্ল্যাগশিপ প্ল্যাটফর্মগুলি সহ সরকার এবং বেসরকারী খাতের পরিকাঠামো এবং অন্যান্য জরুরী খাতের জন্য ব্যাপক ব্যয় আমাদের জন্য কাজ পাওয়ার সুযোগ বৃদ্ধি করছে। আমাদের সংস্থার জন্য প্রতিরক্ষা একটি গুরুত্বপূর্ণ সুযোগের ক্ষেত্র হিসাবে অব্যাহত রয়েছে এবং এই বিভাগের জন্য কাজ করার সম্ভাবনা অত্যন্ত আশাব্যঞ্জক। TIL (টি আই এল)-কে একটি দুর্দান্ত ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা সম্মিলিতভাবে এই উদ্দীপক পরিবেশকে ব্যবহার করব।

পরিবর্তন, ইতিবাচকের সাথে অস্থিরও হতে পারে এবং আপনাদের মনে প্রশ্ন বা দ্বিধা থাকতে পারে। TIL (টি আই এল)-এর প্রবাদপ্রতিম উত্তরাধিকারের ওপর নির্ভর করে আমরা আর কি কি করতে পারি সে সম্পর্কে আপনাদের অনেকের ধারণা থাকতে পারে। আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি যে আমি এবং আপনাদের নতুন ম্যানেজমেন্ট টিম আপনাদের কথা এবং মতামত শোনার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি। আপনাদের বিনীতভাবে মনে রাখতে অনুরোধ জানাই যে , আপনাদের প্রতিটি বক্তব্য শোনা হবে এবং আপনাদের প্রতিটি মতামত এবং পরামর্শকে সম্মান করা হবে এবং সেই নিয়ে আলোচনাও করা হবে। তদনুসারে, আগামী দিনে, আমরা সম্মিলিতভাবে টাউনহলে মিলিত হব — যেখানে আমরা TIL (টি আই এল)-কে একটি সফল এবং উন্নত বিশ্বমানের সংস্থায় পরিণত করার জন্য আমাদের চিন্তাভাবনা , ধারণা, স্বপ্ন এবং আকাঙ্ক্ষাগুলি ভাগ করব ।

১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয় TIL (টি আই এল)-তার আশি বছরের ইতিহাস শুরু আমাদের প্রিয় দেশ ভারতবর্ষ স্বাধীন হওয়ার তিন বছর আগে। এই আট দশকে ভারত তার গুরুত্বপূর্ণ পরিকাঠামো তৈরির জন্য TIL

(টি আই এল)-এর উপর নির্ভর করেছে। তাই নতুন করে আপ্রাণ চেষ্টা সহ অংশগ্রহণের মাধ্যমে আমাদের দেশকে বিশ্বের সর্ববৃহৎ এবং সর্বাধিক ক্ষমতাশালী অর্থনৈতিক শক্তি রূপে নির্মাণ করার জন্য আমরা দায়বদ্ধ।

আসুন, আপনারা সবাই অটল সংকল্প এবং দৃঢ়তার সাথে এই নতুন দায়িত্ব গ্রহণে আমার সাথে যোগ দিন। আপনাদের সঙ্গে আমার পরবর্তী যোগাযোগ বা টাউনহলে দেখা না হওয়া পর্যন্ত আমি আপনাদের এবং আপনাদের পরিবারের মঙ্গল কামনা করছি।

নমস্কার ও শুভেচ্ছা সহ,

**সুনীল কুমার চতুর্বেদী**